# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দপ্তর
www.iau.edu.bd
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

স্মারক নং- ইআবি/পরি/কামিল(স্নাতকোত্তর) প্রা.পা/২০১৬/১৫৩৪৮ তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ২১ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ প্রাথমিক পাঠদান অনুমতির বিষয়ে শ্রীপুর জালালীয়া ফাজিল মাদরাসা, (SRIPUR JALALIA FAZIL MADRASHA, EIIN: 129665) কুলাউড়া, মৌলভীবাজার-এর অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ৩য় সংবিধির অনুচ্ছেদ ১৩(গ) অনুযায়ী গঠিত পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের আলোকে ৩য় সংবিধি-২০২৩ এর অনুচ্ছেদ ১৩(ঙ) মোতাবেক নিম্নোক্ত শর্তে ২৭.০৮.২০২৫ খ্রিষ্টাব্দ থেকে ২৬.০৮.২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো ঃ

শর্তসমূহ:

১. ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে ২ বছর মেয়াদি কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগ এর কার্যক্রম চালু হবে।
২. অখন্ড জমির পরিমাণ ২.০০ (দুই) একর করার পাশাপাশি কামিল (স্নাতকোত্তর) হাদিস বিভাগের-এর জন্য আলাদা ফান্ডের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৩. শিক্ষার মানোন্নয়নের জন্য মাদরাসায় হোস্টেলের ব্যবস্থা থাকতে হবে এবং কামিল হাদিস বিভাগের পাঠদানের জন্য প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক নিয়োগ প্রদান করতে হবে;
৪. লাইব্রেরিতে বই পড়ার মনোরম পরিবেশ তৈরি করতে হবে এবং লাইব্রেরিতে কামিল হাদিস বিভাগের জন্য প্রয়োজনীয় সংখ্যক রেফারেন্স বই থাকতে হবে;
৫. মাদরাসার অভ্যন্তরের মাঠটি শিক্ষার্থীদের খেলাধুলার জন্য উপযোগী করতে হবে;
৬. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি তাদেরকে কো-কারিকুলার একটিভিটিজ তথা কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৭. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
৮. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করতঃ কম্পিউটার ল্যাব স্থাপন ও সিসি টিভি ও ডিজিটাল হাজিরার ব্যবস্থা করতে হবে;
৯. প্রত্যেক শ্রেণির শিক্ষার্থীর জন্য ড্রেস কোড ও আইডি কার্ডের ব্যবস্থাগ্রহণ করতে হবে এবং ক্লাসে শিক্ষার্থীদের মূল কিতাব পড়াতে হবে;
১০. শ্রেণিকক্ষে পর্দার মাধ্যমে ছাত্র-ছাত্রীদের পৃথকীকরণের পাশাপাশি মেয়ে শিক্ষার্থীদের জন্য আলাদা ওয়াশরুম, রুমনরুম ও নামাজের ব্যবস্থা করতে হবে;
১১. ছুটির রেজিস্টার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
১২. প্রাথমিক পাঠদান অনুমতির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে অধিভুক্তির জন্য আবেদন করতে হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

২১/১০/২৫
(মোঃ আইউব হোসেন)
মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মাদরাসা পরিদর্শন দপ্তর
মোবাইলঃ ০১৭০৫-৪০৮০০১

অধ্যক্ষ
শ্রীপুর জালালীয়া ফাজিল মাদরাসা
কুলাউড়া, মৌলভীবাজার।

স্মারক নং- ইআবি/পরি/কামিল(স্নাতকোত্তর) প্রা.পা/২০১৬/১৫৩৪৮ তারিখ: ০৫ কার্তিক ১৪৩২ বঙ্গাব্দ / ২১ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪। ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫। প্রো-ভাইস চ্যান্সেলরের একান্ত সচিব (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৭। সভাপতি, শ্রীপুর জালালীয়া ফাজিল মাদরাসা, কুলাউড়া, মৌলভীবাজার।
৮। অফিস নথি।

21/10/25
(মোহাম্মদ শরীফুল ইসলাম)
সহকারী মাদরাসা পরিদর্শক
মাদরাসা পরিদর্শন দপ্তর